# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আমরা যে الرَّحِمُ (রক্ত সম্পর্ক বা জরায়ূ) এর অভিযোগের কথা আলোচনা করলাম সেটি কিয়ামতের দিন হবে; দুনিয়াতে নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ تَشَكِّي الرَّحِمِ الَّذِي وَصَفْنَا قَبْلُ إِنَّمَا يَكُونُ فِي الْقِيَامَةِ لَا فِي الدُّنْيَا

---

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْجَبَّارِ قَالَ: سَمِعْتُ مُحَمَّدَ بْنَ كَعْبٍ الْقُرَظِيَّ: أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ الله صلى الله عليه وسلم: (إن الرَّحِمَ شِجْنَةٌ مِنَ الرَّحْمَنِ فَإِذَا كَانَ يَوْمُ الْقِيَامَةِ تَقُولُ: أَيْ رَبِّ إِنِّي ظُلِمتُ إِنِّي أُسِيءَ إِلَيَّ إِنِّي قُطِعْتُ قَالَ: فَيُجِيبُهَا رَبُّهَا: أَلَا تَرْضَيْنَ أَنْ أَقْطَعَ مَنْ قَطَعَكِ وَأَصِلَ من وصلك.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 445 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ

বাংলা

৪৪৫. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “الرَّحِمُ (রক্ত সম্পর্ক বা জরায়ূ) শব্দটি الرَّحْمَن (সর্বদয়ালূ) থেকে নির্গত। কিয়ামতের দিন সে বলবে: “হে আমার প্রতিপালক, আমার সাথে যূলম করা হয়েছে, আমার সাথে মন্দ আচরণ করা হয়েছে, আমার সম্পর্ক ছিন্ন করা হয়েছে!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তখন তার প্রতিপালক জবাব দিবেন: “তুমি কি এতে সন্তুষ্ট হবে না যে, যে ব্যক্তি তোমার এই সম্পর্ক ছিন্ন করবে, আমি তার সাথে সম্পর্ক ছিন্ন করবো, আর যে ব্যক্তি তোমার এই রক্ত সম্পর্ক বজায় রাখবে, আমিও তার সাথে সম্পর্ক বজায় রাখবো?”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৩৮; মুসনাদ আহমাদ: ২/২৯৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/২২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88909

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন